



তিতাস আবৃত্তি সংগঠন

শহীদ ধীরেন্দ্রনাথ দত্ত ভাষা চত্বর, ব্রাহ্মণবাড়িয়া।

সূত্র নং :

তারিখ : ২৩-১২-২০১৯

প্রতি

ড. নির্মল দাশ

অধ্যাপক (বাংলা বিভাগ)

ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়

ভারত

বিষয়: অদ্বৈত সম্মাননা গ্রহণ প্রসঙ্গে।

জনাব

আমাদের ভালোবাসা ও শুভেচ্ছা নেবেন। আপনি জেনে আনন্দিত হবেন যে, অমর কথাশিল্পি অদ্বৈত মল্লবর্মণের জন্মস্থান তিতাস পাড়ের ব্রাহ্মণবাড়িয়ায় তিতাস আবৃত্তি সংগঠন তাঁর স্মরণে গত ৬ বছর ধরে অদ্বৈতমেলা, ও স্মরণ অনুষ্ঠান করে আসছে। এ বছর ১-৩ জানুয়ারি ২০ শহরের শহীদ ধীরেন্দ্রনাথ দত্ত ভাষা চত্বরে এ মেলা অনুষ্ঠিত হবে। ১ জানুয়ারি বিকাল ৪ টায় মেলার উদ্বোধন করবেন বিশিষ্ট লেখক ও মহান মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক র আ ম উবায়দুল মোকতাদির চৌধুরী এমপি। তিনদিনের কর্মসূচীর মধ্যে থাকবে উদ্বোধন, অদ্বৈত ভাস্কর্যে পুষ্পস্তবক অর্পণ, আলোচনা, সাংস্কৃতিক প্রতিযোগিতা, লোকগান-লোকনাচের আসর, কবি সম্মেলন, আবৃত্তি অনুষ্ঠান ও অদ্বৈত সম্মাননা প্রদান। ইতিপূর্বে বাংলা ভাষার বিশিষ্ট ও অগ্রণী অদ্বৈত গবেষক অধ্যাপক শান্তনু কায়সার, সাংগঠনিক অদ্বৈত চর্চার অনন্য নাম কবি জয়দুল হোসেন, অদ্বৈত স্মৃতি রক্ষায় অগ্রণী ব্যক্তিত্ব সাবেক জেলা প্রশাসক মো.আবদুল মান্নান, ত্রিপুরার গণমানুষের কবি ও অদ্বৈত গবেষক দিলীপ দাস, অদ্বৈত গবেষণায় বিশিষ্ট লেখক ড. হরিশংকর জলদাস ও বাংলাদেশে অদ্বৈত মল্লবর্মণের উপর একমাত্র পিএইচডি ডিগ্রী অর্জনকারী সাহাবুদ্দিন বাদল অদ্বৈত সম্মাননায় ভূষিত হয়েছেন। আপনার সামগ্রিক অদ্বৈত গবেষণা এবং নিরলস অদ্বৈতচর্চার স্বীকৃতি হিসাবে এবারের অদ্বৈত মেলায় আমরা আপনাকে অদ্বৈত সম্মাননা-২০২০ প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছি। অনুগ্রহ পূর্বক অদ্বৈতমেলায় অংশ নিয়ে অদ্বৈত সম্মাননা গ্রহণ করে আমাদেরকে কৃতজ্ঞতার পাশে আবদ্ধ করতে আপনার আগ্রহ হয়। আপনার ব্রাহ্মণবাড়িয়ায় আসা-যাওয়া ও থাকা-খাওয়ার যাবতীয় দায়িত্ব সংগঠন বহন করবো।

আপনার গুণমুগ্ধ

মো.মনির হোসেন

পরিচালক

আব্দুল বাছির দুলাল

সহকারি পরিচালক

উত্তম কুমার দাস

সহকারি পরিচালক

তিতাস আবৃত্তি সংগঠন